www.xtrapapers.com
www.PapaCambridge.com

UNIVERSITY OF CAMBRIDGE INTERNATIONAL EXAMINATIONS
General Certificate of Education Ordinary Level

**BENGALI** **3204/02**

Paper 2 Language Usage and Comprehension

May/June 2005

**1 hour 30 minutes**

Additional Materials: Answer Booklet/Paper

**READ THESE INSTRUCTIONS FIRST**

If you have been given an Answer Booklet, follow the instructions on the front cover of the Booklet.
Write your Centre number, candidate number and name on all the work you hand in.
Write in dark blue or black pen on both sides of the paper.
Do not use staples, paper clips, highlighters, glue or correction fluid.

Answer **all** questions.
The number of marks is given in brackets [ ] at the end of each question or part question.
At the end of the examination, fasten all your work securely together.


UNIVERSITY of CAMBRIDGE

www.xtrapapers.com
www.PapaCambridge.com



## Section A

সন্ধি বিচ্ছেদ

### A1 Separation of Words [1

সন্ধি বিচ্ছেদ

*নীচে দেওয়া শব্দগুলির সন্ধি বিচ্ছেদ কর ।*
*তোমার উত্তর প্রদত্ত উত্তর পুস্তিকায় লেখ ।*

**1** প্রাণান্ত

**2** কটূক্তি

**3** শয়ন

**4** মহর্ষি

**5** সদাশয়

### A2 Idioms, Proverbs and Words in Pairs [10]

বাগধারা, প্রবচন, জোড়া শব্দ

*নীচে বাক্যগুলির প্রত্যেকটি একটি করে শূন্যস্থান দেয়া আছে। শূন্যস্থানগুলি পূরণের জন্য নীচে দেওয়া উপযুক্ত বাগধারা/প্রবচন/জোড়া শব্দটি বেছে উত্তর পুস্তিকায় লেখ।*

**6** মালিকের অনুপস্থিতিতে ম্যানেজার এমন __________ করল যে কোম্পানী দেউলিয়া হয়ে গেল ।

**7** তাঁর মুখের কথায় তাঁর মতলব বোঝার উপায় নাই, উনি ______________।

**8** আরাম আয়েশে থেকে তার চেহারা খুব _______________ হয়েছে।

**9** বিধবা মায়ের জন্য ছেলেই তার একমাত্র ______________ ।

**10** মানুষের জীবনে সব সময় ____________ থাকে ।

(1) অন্ধের যষ্ঠি

(2) চোখের বালি

(3) পুকুর চুরি

(4) সুখের পায়রা

(5) [illegible]

(6) উত্থান-পতন

(7) গভীর জলের মাছ

(8) অমাবশ্যার চাঁদ

(9) নাদুশ-নুদুশ

(10) [illegible]

www.xtrapapers.com

www.PapaCambridge.com



## A3 Sentence Transformation 0]

বাক্য রূপান্তর

*নীচের প্রত্যেকটি অসম্পূর্ণ বাক্যকে উপযুক্ত শব্দের সাহায্যে এমনভাবে পূরণ কর যেন উপরের বাক্যটির অর্থ বদলে না যায়। উত্তরপত্রে শুধু তোমার উত্তরটিই লিখবে।*

**11** ঠিক সময়ে হাসপাতালে না নিয়ে গেলে তাকে বাঁচানো যেত না।
ঠিক সময়ে হাসপাতালে নিয়ে যাওয়ায় ______________________________ ।

**12** ট্রেনের টিকেট না পেলে আমি বাস ধরে চলে যাব।
আমি বাস ধরে চলে যাব যদি ______________________________ ।

**13** ভাল করে লেখাপড়া করনি বলে তোমার পরীক্ষার ফল খারাপ হয়েছে।
তোমার পরীক্ষার ফল খারাপ হয়েছে কারণ ______________________________।

**14** শিক্ষক ছাত্রদেরকে বললেন, "তোমরা নীরব থাক"।
শিক্ষক ছাত্রদেরকে ______________________________ বললেন।

**15** পরিশ্রম না করলে জীবনে উন্নতি হয় না।
জীবনে উন্নতি করার জন্য ______________________________ ।

www.xtrapapers.com



www.PapaCambridge.com

## A4 Cloze Passage

শূণ্যস্থান পূরণ

*এই অনুচ্ছেদটিতে শূন্যস্থানগুলি পূরণের জন্য নীচে কতগুলি শব্দ দেওয়া হয়েছে । প্রত্যেকটি শূণ্যস্থান পূরণের জন্য এর মধ্য থেকে উপযুক্ত শব্দটি বেছে উত্তর পত্রে লেখ ।*

ইলেকট্রনিকসের সবচেয়ে বড় ______ (16) ইলেকট্রনিক কমপিউটার । উন্নত দেশের স্কুল কলেজে আজকাল কমপিউটার হচ্ছে শিক্ষার ______ (17)। উন্নয়নশীল দেশেও তা আসছে। এসব কমপিউটার শিক্ষাজগতে নতুন নতুন ______ (18) উন্মোচিত করেছে। কমপিউটার এখন ইলেকট্রনিক শিক্ষকের ______ (19) পালন করতে পারে । এর সাহায্যে কমপিউটারের পর্দায় ভেসে উঠে নানা পাঠ্য ______ (20) ছবি। অঙ্ক, ব্যাকরণ, ইতিহাস, ভূগোল সবই শেখা যায় এর সাহায্যে। এমন কি ছবি আঁকার যন্ত্র হিসাবেও ______ (21) করে কমপিউটার । যে কোন ছবিকে খুশিমত রং করার যান্ত্রিক তুলিও আছে এতে।

______ (22) দৃশ্য থেকে শুরু করে বৈজ্ঞানিক নকশা সবই আঁকা যায় এর সাহায্যে। সেই সাথে আছে নানা রকম ______ (23) খেলা। কমপিউটারে বিভিন্ন প্রোগ্রামের ______ (24) বিভিন্ন কাজ সম্পন্ন হয়। কমপিউটারে এক ধরণের প্রোগ্রাম থাকে যাকে বলা হয় ইলেকট্রনিক

______ (25) বা শব্দকোষ । এতে যে কোন শব্দের অর্থ বা প্রতিশব্দ পাওয়া যায়।

| | | |
|---|---|---|
| (1) প্রাকৃতিক | (6) অবদান | (11) অভিধান |
| (2) অগনিত | (7) উপভোগ | (12) বিষয়ের |
| (3) ভূমিকা | (8) সর্বদা | (13) ধরনের |
| (4) বিশেষ | (9) দিগন্ত | (14) কাজ |
| (5) মজার | (10) সাহায্যে | (15) বাহন |

www.xtrapapers.com
www.PapaCambridge.com



## Section B

## বিভাগ খ

*অনুচ্ছেদটি ভাল করে পড়ে নীচে দেওয়া প্রশ্নগুলির উত্তর দাও।*

হিমালয়ের কোলে অপরূপ প্রাকৃতিক সৌন্দর্যে ভরা দেশ নেপাল। উত্তরে তিব্বত, পূর্বে সিকিম এবং পশ্চিমবঙ্গ, দক্ষিণে ও পশ্চিমে যথাক্রমে বিহার ও উত্তর প্রদেশ। নেপালের বিশ্ব পরিচিতির আরো দুটি কারণ - পৃথিবীর সর্বোচ্চ পর্বতশৃঙ্গ মাউন্ট এভারেস্ট; অপরটি গুর্খা সৈন্য।

নেপালের মোট জনসংখ্যা প্রায় বিশ মিলিয়নের কাছাকাছি। এদের মধ্যে শতকরা ৯০ ভাগ হিন্দু। নেপালের অধিকাংশ মানুষই মঙ্গোলীয় জাতি-গোষ্ঠির। একসময় নানা ধরনের পার্বত্য উপজাতিরা এখানে বাস করত। ১৫৫৯ সাল থেকে গুর্খাদের প্রাধান্য প্রতিষ্ঠিত হয়েছিল। নেপালের মাত্র ৬ শতাংশ মানুষ শহরে বাস করে। ৯৩ শতাংশের জীবিকা কৃষি।

১৭৬৮ সালে নেপাল প্রথম সংযুক্ত রাষ্ট্র হিসাবে গড়ে উঠে। ১৭৯০ সালে গুর্খারা তিব্বত আক্রমন করলে চীন সম্রাট চিয়েন সাং তাদের বিতাড়িত করেন। তিনি নেপাল দখল করলে গুর্খারা তাঁর বশ্যতা স্বীকার করে নেয়। তারপর বহু বছর নেপাল ছিল চীনের সামন্ত রাষ্ট্র।

১৮১৪-১৬ সালে ইংরেজদের সঙ্গে যুদ্ধে নেপাল পরাজিত হলে নেপালের উপর ব্রিটেনের আধিপত্য প্রতিষ্ঠিত হয়, যদিও নেপাল নামেই স্বাধীন ছিল; একজন রাজাও ছিলেন। ১৯৫৯ সালে নেপালে একটি নূতন সংবিধান রচিত হয়। একটি সংসদও নির্বাচিত হয়। কিন্তু ১৯৬০ সালেই রাজা মহেন্দ্র নূতন সরকার ভেঙ্গে দিলেন। দুই বছর পর সংবিধানও বাতিল হল। এরপর একটানা বেশ কয়েক বছর রাজতান্ত্রিক শাসন চলে। সম্প্রতি নেপালে আবার গণতন্ত্র প্রতিষ্ঠিত হয়েছে।

নেপালের অর্থনীতি মূলতঃ কৃষিভিত্তিক এবং বিদেশী সাহায্যের উপর নির্ভরশীল। কৃষির মধ্যে ধান, গম, যব প্রধান। এছাড়া গবাদি পশুপালনও হয়ে থাকে। সামুদ্রিক বন্দর না থাকায় এখানে শিল্প বানিজ্য বিশেষ গড়ে উঠেনি। আমদানী রপ্তানীর জন্য নেপাল ভারত ও বাংলাদেশের উপর নির্ভরশীল।

সম্প্রতি কাঠ বাজারজাত ও কৃষিজমি বাড়াবার জন্য ব্যাপকহারে গাছ কাটা হচ্ছে, এর ফলে প্রতি বছর বন্যা, ভূমিধ্বস এবং নেপালের প্রাকৃতিক পরিবেশের মারাত্মক ক্ষতি হচ্ছে।

**B5 MCQ Comprehension** [14]

বোধজ্ঞানের বহু বিকল্প প্রশ্ন

*প্রত্যেকটি প্রশ্নের চারটি করে উত্তর দেওয়া আছে। সঠিক উত্তরটি বেছে তার সংখ্যাটি উত্তর পত্রে লেখ।*

**26** নেপালের ভৌগলিক অবস্থান কোথায় ?

1 হিমালয়ের উত্তরে
2 উত্তর প্রদেশের দক্ষিনে
3 হিমালয়ের পাদদেশে

www.xtrapapers.com
www.PapaCambridge.com



**27** নীচের কোনটি নেপালের বিশ্বপরিচিতির কারণ নয়?

1 গুর্খা সৈন্য
2 পার্বত্য উপজাতি
3 নেপালের প্রাকৃতিক সৌন্দর্য
4 মাউন্ট এভারেস্ট

**28** নেপালের অধিবাসীর মধ্যে

1 অধিকাংশ শহরে বাস করে
2 ৯৩ শতাংশ হিন্দু
3 গুর্খারা সবসময়েই প্রাধান্য বিস্তার করেছিল
4 অধিকাংশ মঙ্গোলীয় জাতি গোষ্ঠির

**29** নেপাল প্রথম সংযুক্ত রাষ্ট্র হিসাবে গড়ে উঠে

1 ১৭৬৮ সালে
2 ১৭৯০ সালে
3 ১৯৫৯ সালে
4 ১৯৬০ সালে

**30** নেপালের উপর বৃটেনের আধিপত্য কখন প্রতিষ্ঠিত হয়?

1 বৃটিশরা চীনাদেরকে নেপাল থেকে বিতাড়িত করার পর
2 ১৮১৪-১৬ সালে ইংরেজদের সঙ্গে যুদ্ধে নেপাল পরাজিত হবার পর
3 ১৯৫৯ সালে নেপালের সংবিধান রচনা হবার পর
4 ১৯৬০ সালে রাজা মহেন্দ্র কর্তৃক সরকার ভেঙ্গে দেবার পর

**31** নেপালের অর্থনীতি

1 শিল্পবানিজ্যের উপর নির্ভরশীল
2 কৃষি নির্ভর
3 বাইরের সাহায্যের উপর নির্ভরশীল নয়
4 শুধু পশুপালনের উপর নির্ভরশীল

**32** নেপালের প্রাকৃতিক পরিবেশ নষ্ট হচ্ছে কেন?

1 কাঠ বাজারজাত করার জন্য
2 ভূমিধ্বসের জন্য
3 নেপালে ব্যাপকহারে গাছ কাটার জন্য
4 বন্যার জন্য

www.xtrapapers.com
www.PapaCambridge.com



## Section C

বিভাগ গ

*নীচের দেওয়া অনুচ্ছেদটি ভাল করে পড় এবং প্রশ্নগুলির উত্তর দাও।*

সড়ক দুর্ঘটনা উন্নয়নশীল দেশগুলিতে একটা মারাত্মক সমস্যা হয়ে দাঁড়িয়েছে। প্রতিবছর অনুন্নত দেশগুলিতে সড়ক দুর্ঘটনায় লাখ লাখ লোক মারা যায়। এইসব দেশে এইড্‌স রোগে আক্রান্ত হয়ে যত লোক মারা যায় তার চেয়ে বেশী মারা যায় সড়ক দুর্ঘটনায়। সড়ক দুর্ঘটনার জন্য উন্নয়নশীল দেশগুলিতে বছরে আনুমানিক ১০০ বিলিয়ন ডলারের মত আর্থিক ক্ষয়ক্ষতি হয়। এর পরিমাণ উন্নত দেশগুলি থেকে যে ঋণ ও আর্থিক সাহায্য নিয়ে থাকে তার দুইগুণ।

উন্নত ও উন্নয়নশীল দেশগুলির মধ্যে লক্ষনীয় পার্থক্য হচ্ছে, যেখানে উন্নত দেশগুলিতে গত দশ বছরে সড়ক দুর্ঘটনায় মৃত্যুর সংখ্যা শতকরা ১০ ভাগ কমেছে সেখানে উন্নয়নশীল দেশগুলিতে এর সংখ্যা ক্রমাগত বেড়ে চলেছে। গত ১৫ বছরে এই মৃত্যুর হার প্রায় শতকরা ৫০ ভাগ বেড়েছে।

অধিকাংশ উন্নয়নশীল দেশেই বর্তমানে রাস্তার সংখ্যা খুবই অপ্রতুল। যে হারে জনসংখ্যা বাড়ছে সে হারে যানবাহন ও সড়কের সংখ্যা বাড়ছে না । তাছাড়া যে সব রাস্তাঘাট আছে সেগুলিরও নিয়মিত মেরামত হয় না এবং বেশীরভাগ যানবাহন রাস্তায় চলার অনুপযোগী। এর ফলে সড়ক দুর্ঘটনার হার ক্রমাগত বেড়ে চলছে।

যানবাহন ও সড়ক নিরাপত্তার জন্য উন্নত দেশগুলিতে যেসব ব্যবস্থা গ্রহণ করা হয় উন্নয়নশীল দেশগুলিতে সেগুলি অত জরুরী নয়। যেমন, উন্নত দেশগুলিতে সীট বেল্ট বাঁধার উপর খুব গুরুত্ব দেওয়া হয় । যন্ত্রচালিত ও মানুষ এবং পশুচালিত যানবাহনের জন্য আলাদা চলাচলের ব্যবস্থা করা বেশী প্রয়োজন যাতে পথচারী এবং সাইকেল আরোহীরা অন্যান্য যানবাহন থেকে নিরাপদ দূরত্ব বজায় রেখে চলতে পারে।

অধিকাংশ উন্নয়নশীল দেশের সামাজিক ও প্রশাসন ব্যবস্থাও সড়ক দুর্ঘটনার উপর প্রভাব ফেলে । যেমন প্রশাসনিক দুর্নীতির জন্য অদক্ষ লোককে গাড়ী চালাবার লাইসেন্স দেওয়া হয়, রাস্তায় চলার অনুপযোগী গাড়িকে চলার অনুমতি দেওয়া হয়, সড়ক দুর্ঘটনার জন্য দায়ী ব্যক্তিরা উপযুক্ত শাস্তি পায় না।

জনসংখ্যা বৃদ্ধির কারণে সীমিত সম্পদকে কি ভাবে সড়কের উন্নয়ন এবং নিরাপত্তা বাড়াবার জন্য ব্যবহার করা যায় তার জন্য খুব সাবধানে পরিকল্পনা গ্রহণ করতে হবে। এই ব্যাপারে উন্নয়নশীল দেশগুলিকে সাহায্য করার জন্য বিভিন্ন পদক্ষেপ নেয়া হচ্ছে। এর একটা উদাহরণ হল গ্লোবাল রোড সেফটি পার্টনারশীপ বা সংক্ষেপে জি,আর,এস,পি-র প্রতিষ্ঠা। সড়ক নিরাপত্তার জন্য ব্যবসা প্রতিষ্ঠান, বেসরকারী ও সরকারী পর্যায়ে যে সব কর্মসূচী নেয়া হয়েছে এরা সেগুলোর মধ্যে সমন্বয় সাধন করে।

www.xtrapapers.com

www.PapaCambridge.com



**C6 OE Comprehension**

বোধজ্ঞানের খোলা প্রশ্ন

*এখন নীচের প্রশ্নগুলির উত্তর দাও।*

**33** সড়ক দূর্ঘটনা উন্নয়নশীল দেশগুলির জন্য মারাত্মক সমস্যা হয়েছে কেন?

**34** উন্নয়নশীল ও উন্নত দেশগুলিতে সড়ক দুর্ঘটনায় মৃত্যুর হারের কি পরিবর্তন হয়েছে?

**35** উন্নয়নশীল দেশে সড়ক দূর্ঘটনার হার ক্রমাগত বেড়ে যাবার চারটি কারণ লেখ?

**36** "যানবাহন ও সড়ক নিরাপত্তার জন্য উন্নত দেশগুলিতে যেসব ব্যবস্থা গ্রহণ করা হয় উন্নয়নশীল দেশগুলিতে সেগুলি সে সব অত জরুরী নয়" এ কথার তাৎপর্য কি?

**37** উন্নয়নশীলদেশগুলির সামাজিক ও প্রশাসনিক ব্যবস্থা কিভাবে সড়ক দূর্ঘটনার উপর প্রভাব ফেলে?

**38** সড়ক ব্যবস্থার উন্নয়ন ও নিরাপত্তা বাড়াবার জন্য উন্নয়নশীল দেশগুলিকে সাহায্য করার জন্য যে পদক্ষেপ নেয়া হয়েছে তার একটা উদাহরণ দাও এবং এরা কি করে?

**C7 Vocabulary** [10]

**শব্দার্থ**

*উপরের অনুচ্ছেদ হতে নেয়া নীচের শব্দগুলির অর্থ লেখ:*

**39** সড়ক

**40** লক্ষণীয়

**41** অপ্রতুল

**42** প্রয়োজন

**43** বৃদ্ধি

**End of Paper**

*Copyright Acknowledgements:*

Section C © http://www.cbsnews.com/stories/2002/08/28/health/main520057.shtml

Permission to reproduce items where third-party owned material protected by copyright is included has been sought and cleared where possible. Every reasonable effort has been made by the publisher (UCLES) to trace copyright holders, but if any items requiring clearance have unwittingly been included, the publisher will be pleased to make amends at the earliest possible opportunity.

University of Cambridge International Examinations is part of the University of Cambridge Local Examinations Syndicate (UCLES), which is itself a department of